

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০০০.০৫৬.২৫.০০৬২.২০.১০২

তারিখ: ৩ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৭ মে ২০২৬

বিষয়: "বেসিক ভূমি ব্যবস্থাপনা রিফ্রেশার্স কোর্সে" সহকারী কমিশনার (ভূমি) গণের মনোনয়ন।

সূত্র: (১) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নম্বর-৩১.০০.০০০০.০০০.০৫৬.২৫.০০৬২.২০.৮৪; তারিখ-৩০/০৪/২০২৬।

(২) ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের স্মারক নম্বর-৩১.০৪.০০০০.০০০.০০৪.২৫.০০০২.২৩.৪৫; তারিখ: ০৭-০৫-২০২৬।


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে সহকারী কমিশনার (ভূমি)গণের জন্য ১৭-০৫-২০২৬ হতে ১৮-০৫-২০২৬ তারিখ পর্যন্ত ০২(দুই) দিন মেয়াদী ২৩তম ও ২৪তম এবং ২০-০৫-২০২৬ হতে ২১-০৫-২০২৬ তারিখ পর্যন্ত ০২(দুই) দিন মেয়াদী ২৫তম ও ২৬তম "বেসিক ভূমি ব্যবস্থাপনা রিফ্রেশার্স কোর্স" আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। কিন্তু বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী ভূমিসেবা মেলা ২০২৬' উদ্বোধনের আবশ্যিকতা থাকায় ভূমি মন্ত্রণালয় কর্তৃক আগামী ১৯-২১ মে, ২০২৬ সারাদেশে 'ভূমিসেবা মেলা-২০২৬' উদ্বোধন করা হবে। তালিকায় সংযুক্ত সহকারী কমিশনার (ভূমি)গণ বর্ণিত মেলার কার্যক্রমের সাথে সরাসরি সম্পৃক্ত রয়েছে থাকায় নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী রিফ্রেশার্স কোর্সের তারিখ পুনঃনির্ধারণ এবং পূর্বে মনোনীত কর্মকর্তাদের অংশগ্রহণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক অনুরোধ করা হয়েছে:

ক্রম	কোর্সের নাম	কোর্সের সংখ্যা	প্রশিক্ষার্থী	পূর্বের তারিখ	পুনঃ নির্ধারিত তারিখ
১	২৩তম ও ২৪তম বেসিক ভূমি ব্যবস্থাপনা রিফ্রেশার্স কোর্স	২টি	সহকারী কমিশনার (ভূমি)	১৭ মে ২০২৬ হতে ১৮ মে ২০২৬	০৫ জুলাই ২০২৬ হতে ০৬ জুলাই ২০২৬
২	২৫তম ও ২৬তম বেসিক ভূমি ব্যবস্থাপনা রিফ্রেশার্স কোর্স	২টি	সহকারী কমিশনার (ভূমি)	২০ মে ২০২৬ হতে ২১ মে ২০২৬	০৮ জুলাই ২০২৬ হতে ০৯ জুলাই ২০২৬

০২। এমতাবস্থায়, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র হতে প্রেরিত ২টি তালিকা অনুযায়ী "২৩তম ও ২৪তম এবং ২৫তম ও ২৬তম "বেসিক ভূমি ব্যবস্থাপনা রিফ্রেশার্স কোর্সে" প্রশিক্ষার্থী হিসেবে মনোনীত কর্মকর্তাদের আগামী ১৭-১৮ মে এবং ২০-২১ মে ২০২৬ তারিখের পরিবর্তে ০৫-০৬ জুলাই এবং ০৮-০৯ জুলাই ২০২৬ পর্যন্ত পুনঃনির্ধারিত ০২(দুই) দিন মেয়াদী প্রশিক্ষণে আবশ্যিকভাবে অংশগ্রহণের নিমিত্ত অবমুক্তির বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিসমূহ:

- (১) ৩১.০৪.০০০০.০০০.০০৪.২৫.০০০২.২৩.৪৫ - সহকারী কমিশনার (ভূমি)গণের জন্য ০২দিন ব্যাপী ২৩, ২৪, ২৫ ও ২৬তম বেসিক ভূমি ব্যবস্থাপনা রিফ্রেশার্স কোর্সের তারিখ পুনঃনির্ধারণ সংক্রান্ত।
- (২) ২৩তম ও ২৪তম বেসিক ভূমি ব্যবস্থাপনা রিফ্রেশার্স কোর্স এর স্বাক্ষরিত তালিকা
- (৩) ২৫তম ও ২৬তম বেসিক ভূমি ব্যবস্থাপনা রিফ্রেশার্স কোর্স এর স্বাক্ষরিত তালিকা



১৭-০৫-২০২৬

নুসরাত জাহান নিসু
উপসচিব

ফোন : ০২-২২৩৩৮১৫২০

ইমেইল : fa2@minland.gov.bd

জেলা প্রশাসক (সকল)।

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০০০.০৫৬.২৫.০০৬২.২০.১০২/১ (৪)

তারিখ: ৩ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৭ মে ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার (সকল)।
- ২। পরিচালক, পরিচালক এর দপ্তর, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়।
- ৪। প্রোগ্রামার, সিকিউরিটি, অডিট ও কোয়ালিটি কন্ট্রোল (এসএকিউ), ভূমি মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।।



১৭-০৫-২০২৬
নুসরাত জাহান নিসু
উপসচিব